আমঝুপি রঘুনাথপুর গ্রামে সিঙ্গাপুর ফেরত নিজ উদ্যোগে স্বেচ্ছায় হোম কোয়ারান্টিনে

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নে রঘুনাথপুর গ্রামের সিঙ্গাপুর ফেরত নিজ উদ্যোগে স্বেচ্ছায় হোম কোয়ারান্টিনে। গতকাল মঙ্গলবার বেলা ৪টায় আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান ও করোনা ভাইরাস প্রতিরোধ কমিটির সভাপতি বোরহান উদ্দিন আহমেদ নেতৃত্বে স্বেচ্ছায় হোম কোয়ারান্টিন ব্যক্তি বাসায় জান।

এ সময় উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমান, ৯ নম্বর ওয়ার্ডের মেম্বার মশিউর রহমান ডাবলু, বিশিষ্ট সমাজসেবক খলিলুর রহমান, আলামিন হোসেন, সাংবাদিক আখতারুজ্জামান, সাংবাদিক শহিদুল ইসলাম, সাংবাদিক সেলিম রেজা, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন ।

এ সময় স্বেচ্ছায় হোম কোয়ারান্টিনর ব্যক্তির বাবা দোয়ায় আলীর হাতে ১৪ দিনের ত্রাণ সামগ্রী তুলে দেন।

করোনা ভাইরাস সম্পর্কে প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের ভিডিও কনফারেন্স

করোনা ভাইরাস সম্পর্কে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমেদ কায়কাউস ভিডিও কনফারেন্সের মাধ্যমে মেহেরপুর জেলা প্রশাসকের সাথে কথা বলেছেন।
গতকাল মঙ্গলবার বিকেলের দিকে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমেদ কায়কাউস করোনা ভাইরাস নিয়ে বিস্তার আলোচনা করেন।

এসময় মেহেরপুর জেলা প্রশাসক মো: আতাউল গনি, পুলিশ সুপার এসএম মুরাদ আলি, সিভিল সার্জন ডাক্তার নাসির উদ্দিনসহ প্রশাসনের অন্যান্য কর্মকর্তাগণ সেখানে উপস্থিত ছিলেন।

মেহেরপুর শহরে সন্ধ্যার পর সকল দোকানপাট বন্ধ

মেহেরপুর শহরে করোনাভাইরাসের সংক্রমণ নিয়ন্ত্রণের জন্য পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সন্ধ্যা পর থেকে ওষুধের দোকান ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দোকান ছাড়া সকল প্রকার মার্কেট ও দোকানপাট বন্ধ করে দিয়েছে জেলা প্রশাসন।
গতকাল মঙ্গলবার সন্ধ্যার পর থেকে মেহেরপুর শহরের প্রধান প্রধান সড়ক সহ শহরের সকল দোকানপাট পরবর্তী নির্দেশনা না দেওয়া বন্ধ করা হয়। নিয়ম না মানলে আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে।
এসময় শহরের দোকানপাট ব্যবসা কেন্দ্র দেখার লক্ষ্যে মেহেরপুরে জেলা প্রশাসক মো: আতাউল গনি, পুলিশ সুপার এসএম মুরাদ আলীসহ পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ শহর প্রদক্ষিণ করেন।
এদিকে সন্ধ্যার পরপরই মেহেরপুর শহরের সকল ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ হয়ে যাওয়া পর থেকে শহরের প্রধান সড়ক গুলোতে ফাঁকা হতে থাকে। এ সময় জেলা প্রশাসক মো: আতাউল গনি এবং পুলিশ সুপার এস এম মুরাদ আলি করোনা ভাইরাস প্রতিরোধে ও সর্ব সাধারণকে বাইরে বের না হওয়ার জন্য আহ্বান জানান।

মেহেরপুর পৌরসভার করোনা

ভাইরাস প্রতিরোধে পৌরসভা কমিটির আলোচনা সভা

মেহেরপুর পৌরসভার উদ্যোগে করোনা ভাইরাস প্রতিরোধে পৌরসভা কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল মঙ্গবার দুপুরের দিকে মেহেরপুর পৌরসভার কালাচাঁদ মেমোরিয়াল হল মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।
পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন সহকারী কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, জাফর ইকবাল, নুরুল আশরাফ রাজিব, সোহেল রানা ডলার, কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সহকারী প্রধান শিক্ষক এনামুল হক প্রমুখ।

মেহেরপুরে টিসিবির ৫ম দিনের মতো পণ্য বিক্রি

মেহেরপুরে টিসিবির মাধ্যমে ৫ম দিনের মতো তেল, চিনি এবং মুসুরির ডাল বিক্রি করা হয়েছে। ৫শ টাকায় ৫ লিটার তেল ১ কেজি চিনি এবং ১ কেজি মসুর ডাল বিক্রি করা হচ্ছে।
গতকাল মঙ্গলবার বিকালে মেহেরপুরের জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এস আর আনোয়ার ট্রেডার্স এর মাধ্যমে এসকল সকল পণ্য বিক্রি করা হয়। বাজারের চেয়ে অপেক্ষাকৃত কম মূল্যে টিসিবির পণ্য কিনতে ক্রেতা সাধারণকে ভিড় করতে দেখা গেছে।

মেহেরপুর পৌরসভার জীবাণুনাশক স্প্রে

মেহেরপুর পৌরসভার উদ্যোগে জীবাণুনাশক স্প্রে করা উদ্বোধন করা হয়েছে। গতকাল মঙ্গলবার সকালের দিকে মেহেরপুর পৌরসভা প্রাঙ্গণে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন স্প্রে করণের উদ্বোধন করেন। এসময় পৌর কাউন্সিলর জাফর ইকবাল, শাকিল রাব্বী ইভান, নুরুল আশরাফ রাজিব প্রমুখ উপস্থিত ছিলেন।
পৌরসভার পরিচ্ছন্ন কর্মীরা মেহেরপুর শহরের প্রধান প্রধান সড়কসহ প্রধান সড়কে চলাচলকারী বিভিন্ন যানবাহনে জীবাণুনাশক স্প্রে করবে।

মেহেরপুরে করোনা প্রতিরোধে জনসাধারণকে সচেতন করতে সেনাবাহিনী

করোনা ভাইরাস প্রতিরোধে জনসাধারণকে সচেতন ও প্রশাসনকে সহযোগিতা করার জন্য সেনাবাহিনী মেহেরপুর পৌঁছেছে। গতকাল মঙ্গলবার বগুড়ার ৪০ ফিল্ড আর্টিলারি রেজিমেন্ট অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল ফখরুদ্দীনের নেতৃত্বে সেনাবাহিনীর সদস্যরা মেহেরপুর পৌঁছেছেন।
দুপুরের দিকে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আতাউল গনির সভাপতিত্বে যৌথ সভায় বক্তব্য রাখেন বগুড়া সেনা ক্যাম্পের ৪০ ফিল্ড আর্টিলারি রেজিমেন্ট অধিনায়ক লে, কর্নেল ফখরুদ্দিন, পুলিশ সুপার এসএম মুরাদ আলি, সিভিল সার্জন ডাক্তার নাসির উদ্দিন, অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তৌফিকুর রহমান,ক্যাপ্টেন রাকিব ।
সভায় অযথা জনসমাগম না করা সহ, প্রবাসীদের ঘরের বাইরে বের না হওয়া, সামাজিক দূরত্ব বজায় রাখার অনুরোধ জানানো হয়। একই সাথে বিনা কারণে ঘরের বাইরে বের না হওয়ার জন্য সকলের প্রতি আহ্বান

জানানো হয়।
সেনাবাহিনী বিদেশ থেকে ফেরত আসা ব্যক্তির অবস্থান নির্ণয় ও তাঁদের নিজ নিজ অবস্থানে কোয়ারেন্টিন নিশ্চিত করাই হবে মূল লক্ষ্য।

২৪ ঘণ্টায় মেহেরপুরে কোয়ারান্টিনে ১১৫ জন

নভেল করোনাভাইরাসের প্রকোপে গেলো ২৪ ঘণ্টায় মেহেরপুর জেলার ৩ টি উপজেলায় ১১৫ জন বিদেশ থেকে আসা কোয়ারেন্টিনে ভর্তি হয়েছেন। মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা গেছে মেহেরপুর সদর উপজেলায় ১৬ জন গাংনী উপজেলায় ৯১ জন এবং মুজিবনগর উপজেলায় ৮ জন কোয়ারান্টিনে ভর্তি হন ।
এ নিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় মোট ৩০৪ হোম কোয়ারেন্টিনে আছে। এদিকে এখন পর্যন্ত মোট ৭০ জনকে কোয়ারেন্টি থেকে ছাড়পত্র দেয়া হয়েছে বলে স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা গেছে।

জেএসসি পরীক্ষায় গাংনীর সন্ধানী স্কুল এন্ড কলেজ জেলার শীর্ষে

২০১৯ সালে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় সন্ধানী সংস্থা পরিচালিত মেহেরপুরের গাংনী সন্ধানী স্কুল এন্ড কলেজ জেলার শীর্ষ ফলাফল বয়ে এনেছে।

গতবছর অনুষ্ঠিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা ও সাধারণ বৃত্তির

তালিকা গত সোমবার (২৩-০৩-২০২০) ইং তারিখে প্রকাশিত হয়। এতে জেলার সবকটি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে গাংনীর সন্ধানী স্কুল এন্ড কলেজ শীর্ষে রয়েছে।

প্রকাশিত ফলাফলে সন্ধানী স্কুল এন্ড কলেজ থেকে মোট বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী ৪১জন। এদের মধ্যে টেলেন্টপুলে ১৭ জন ও সাধারণ গ্রেড এ ২৪ জন বৃত্তি লাভ করে।

অন্যদিকে মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয় থেকে মোট ৩৬ জন শিক্ষার্থীর মধ্যে টেলেন্টপুলে ১৫ ও সাধারণ গ্রেডে ২১জন, মেহেরপুর সরকারি মাধ্যমিক বিদ্যালয় থেকে মোট ৩২জন শিক্ষার্থীর মধ্যে টেলেন্টপুলে ১৩ ও সাধারণ গ্রেডে ১৯ জন, রাইপুর মাধ্যমিক বিদ্যালয় থেকে মোট ২০জনের মধ্যে ৫জন টেলেন্টপুলে ও সাধারণ গ্রেডে১৫ জন, গাংনী প্রি-ক্যাডেট এন্ড জুনিয়র হাই স্কুল থেকে মোট ১৬ জনের মধ্যে টেলেন্টপুলে ৪জন ও সাধারণ গ্রেডে ১২ জন, সাহারবাটি ইবাদতখানা মাধ্যমিক বিদ্যালয় থেকে মোট ১৩ জনের মধ্যে ৪জন টেলেন্টপুলে ও সাধারণ গ্রেডে ৯জন, জিনিয়াস ল্যাবঃ স্কুল এন্ড কলেজ থেকে মোট ১০জনের মধ্যে টেলেন্টপুলে বৃত্তিলাভ করে ২জন ও সাধারণ গ্রেডে ৮জন, গাংনী মাধ্যমিক বিদ্যালয় থেকে মোট ৯জনের মধ্যে টেলেন্টপুলে ৪জন ও সাধারণ গ্রেডে ৫জন, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় থেকে মোট মোট ৬জনের মধ্যে টেলেন্টপুলে ৩ জন ও সাধারণ গ্রেডে ৩জন বৃত্তি লাভ করে।

মেহেরপুর জেলার শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে এর আগেও বিভিন্ন শাখায় সন্ধানী সংস্থা পরিচালিত সন্ধানী স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীরা ফলাফলে শীর্ষে অবস্থান করে আসছে।

ফলাফলে প্রতিক্রিয়া ব্যাক্ত করতে গিয়ে প্রতিষ্ঠানটির অধ্যক্ষ মোঃ হাবিবুর রহমান বিদ্যালয়ের শিক্ষার্থী অভিভাবক ও শিক্ষকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

[redacted]

[redacted]